

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৭

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

বিষয়: ঢাকা ওয়াসা'র Dhaka Environmentally Sustainable Water Supply (DESW) প্রকল্পের জন্য ঢাকা জেলায় জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। ঢাকা ওয়াসা'র স্মারক নং-46.113.618.00.00.G-190(Vol-1)/DESWSP/1651; তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী এলাকায় সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে “ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই শীর্ষক (DESW)” প্রকল্পের অধীনে ঢাকা জেলার ভাটারা/গুলশান থানাধীন ভাটারা, সাঁতারকুল ও বেরাইদ ইউনিয়নে প্রস্তাবিত ঢাকা ওয়াসার পানি শোধনাগার নির্মাণ প্রকল্পের জন্য পানির ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপনের নিমিত্ত ভাটারা থানাধীন ভাটারা, সাঁতারকুল, বড় বেরাইদ ও ছোট বেরাইদ মৌজায় মোট ০৬.৯৫৮৫ একর জমি ভূমি অধিগ্রহণের অনাপত্তি চেয়ে আবেদন করা হয় (কপি সংযুক্ত: দাগসূচি)।

উপর্যুক্ত প্রকল্পের অধীন পানির ট্রান্সমিশন পাইপ লাইন স্থাপনের জন্য প্রশাসনিক অনুমোদন থাকায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারি প্রয়োজন ও জনস্বার্থে নির্দেশক্রমে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

**শর্তঃ**

- ১। “মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০” অনুসরণ করতে হবে;
- ২। পানির স্বাভাবিক গতি ও প্রকৃতি পরিবর্তন না করা এবং
- ৩। জল যান চলাচলে বাঁধা সৃষ্টি না করা।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

**সংযুক্তিঃ**

- ১। দাগসূচি; ২। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন; ৩। Google Image এ বালু নদী ও পার্শ্ববর্তী এলাকা; ৪। Google Image এ ৪ নং ব্লীজ; ৫। Google Image এ ৩ নং ব্লীজ; ৬। Google Image এ ১ নং ব্লীজ; ৭। রাজউক-এর অনাপত্তি পত্র।



১৪-১-২০২০

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

মোঃ মাহমুদুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প  
পরিচালক, DESWSP, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন (১০  
তলা), ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার,  
ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৭/১(৬)

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে  
আপলোড করার অনুরোধ সহ]।
- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর (হার্ড কপি প্রেরণ ও সংশ্লিষ্ট হার্ড  
ফাইলে সংরক্ষণের অনুরোধসহ)।



১৪-১-২০২০

মো. তানভীর হাসান রেজাউল

প্ল্যানার